দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 MAY 1998
পৃষ্টা ... 7 ... কলাম ... 6 ...

10

৬০

# রাজশাহীতে তিন হাজার এসএসসি পরীক্ষার্থীর ভাগ্য অনিশ্চিত

( রাজশাহী অফিস )

ভুয়া রেজিষ্ট্রেশন, ফরম পূরণে অনিয়ম এবং বোর্ড কর্তৃপক্ষের কাছে দেরীতে কাগজপত্র পৌঁছানোর কারণে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে প্রায় তিন হাজার ছাত্র-ছাত্রীর এস, এস, সি পরীক্ষায় অংশগ্রহণ এখনও অনিশ্চিত।

(২য় পৃঃ দ্রঃ)

## রাজশাহীতে

( ১ম পৃষ্ঠার পর )

আগামীকাল ( বৃহস্পতিবার ) হইতে পরীক্ষা শুরু হইতেছে কিন্তু গতকাল (মঙ্গলবার) পর্যন্ত ঐ সকল ছাত্র-ছাত্রীর প্রবেশপত্র সংশ্লিষ্ট কেন্দ্রে পৌঁছায় নাই।

বোর্ডের চেয়ারম্যান জানান, এসব পরীক্ষার্থীর অধিকাংশই ফরম পূরণে ভুয়া রেজিষ্ট্রেশন নম্বর ব্যবহার করিয়াছে। কেহ কেহ আবার এক স্কুল হইতে রেজিষ্ট্রেশন করিয়া যথাযথ ট্রান্সফার সার্টিফিকেট ছাড়াই নিয়ম বহির্ভূতভাবে অন্য স্কুল হইতে ফরম পূরণ করিয়াছে।

তিনি বলেন, ছাত্র-ছাত্রীদের এই দুর্ভোগের জন্য বেশীর ভাগ ক্ষেত্রে স্কুলের প্রধান শিক্ষকগণই দায়ী।

গতকাল (মঙ্গলবার) ছুটির দিন হইলেও বোর্ড অফিসের সামনে দূরদূরান্ত হইতে আগত শিক্ষক ও অভিভাবকদের ভীড় লক্ষ্য করা যায়। বোর্ড কর্তৃপক্ষ রাত পর্যন্ত ত্রুটিপূর্ণ ফরমগুলি বাছাই করে।

এবছর রাজশাহী বোর্ডের অধীনে ১ লক্ষ ৫ হাজারেরও বেশী ছাত্র-ছাত্রী ১৬টি জেলার ১৩১টি কেন্দ্র হইতে পরীক্ষায় অংশ নিবেন।